প্রচারণায় জমে উঠেছে কুষ্টিয়ার মিরপুর উপজেলা নির্বাচন

আগামী ২১ মে অনুষ্ঠিত হতে যাচ্ছে ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের দ্বিতীয় ধাপের ভোটগ্রহণ। এ ধাপে কুষ্টিয়ার মিরপুর উপজেলায় ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। এরইমধ্যে মিরপুর উপজেলায় জমে উঠেছে নির্বাচনী প্রচারণা। দ্বিতীয় ধাপের মিরপুর উপজেলা নির্বাচনে প্রচারণায় ব্যস্ত সময় পার করছেন প্রার্থীরা।

স্থানীয় সূত্রে জানা গেছে, এই নির্বাচনকে কেন্দ্র করে মিরপুর উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দও দুই ভাগে বিভক্ত হয়ে পড়েছে। ২১ মে দ্বিতীয় ধাপে এ উপজেলায় যে ভোট হবে। তাতে চেয়ারম্যান পদপার্থীদের লড়াই জমবে বলে মনে করছেন সাধারণ ভোটাররা। এবারের মিরপুর উপজেলা পরিষদের নির্বাচনে মোট ৯ জন প্রার্থী ভোট যুদ্ধে অংশগ্রহণ করছেন। এরমধ্যে চেয়ারম্যান পদে উপজেলা আওয়ামী লীগের সভাপতি এ্যাডভোকেট আব্দুল হালিম দোয়াত কলম, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক কামাল হোসেন আনারস এবং শরিফুল ইসলাম লিটন মোটর সাইকেল প্রতীকে নির্বাচন করছেন।

এছাড়াও ভাইস চেয়ারম্যান পদে বর্তমান ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার (তালা), মাসুদুর রহমান মাসুদ (টিউবওয়েল), সোহাগ আহম্মেদ (উড়োজাহাজ) এবং শাকিলুর রহমান বিটু (টিয়া পাখি) ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে বর্তমান ভাইস চেয়ারম্যান মর্জিনা খাতুন (হাঁস) এবং এ্যাডভোকেট মর্জিনা খাতুন (কলস) প্রতীক নিয়ে লড়ছেন। চেয়ারম্যান পদে মুলত এ্যাডভোকেট আব্দুল হালিম ও কামাল হোসেনের লড়াই জমে উঠেছে।

এদিকে দুই চেয়ারম্যান প্রার্থীই নির্বাচনী প্রচার জোরদার করার পাশাপাশি নিজ নিজ কৌশল প্রয়োগ করে এগিয়ে যাওয়ার চেষ্টা করছেন। নির্বাচনের শেষ প্রান্তে এসে নানামুখী মেরুকরণ হচ্ছে। প্রার্থীদের জয়-পরাজয়ের ফ্যাক্টর হিসেবে সামনে আসছে বিভিন্ন সমীকরণ। ভোটাররা মনে করছেন, দোয়াত কলম ও আনারস প্রতীকের মধ্যে ভোটের লড়াই হবে হাড্ডাহাড্ডি। শেষ পর্যন্ত ফলাফল কি হয় তা দেখার জন্য উপজেলাবাসীর চোখ এখন নির্বাচনের দিনের দিকে।

নির্বাচনের আর মাত্র কয়েক দিন বাকি। তাই মিরপুর উপজেলা পরিষদ

এদিকে মিরপুর উপজেলা নির্বাচনে আনারস প্রতীকের চেয়ারম্যান প্রার্থী উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মো. কামাল হোসেন গত বৃহস্পতিবার (১৬ মে) জেলা রিটার্নিং কর্মকর্তার কাছে তার অনুসারী চেয়ারম্যান প্রার্থী উপজেলা আওয়ামীলীগের সভাপতি এ্যাড. আব্দুল হালিমের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছেন।

তিনি বলেন, আমার প্রতিদ্বন্দ্বী প্রার্থী আব্দুল হালিম তার পেটুয়া বাহিনী দিয়ে আমার নির্বাচনের কর্মী, সমর্থকদের হুমকি ধামকি দিয়ে যাচ্ছে। তারা আমার পোষ্টার, ফেষ্টুন ছিঁড়ে ফেলছে। ভোটারদের ভোট দিতে কেন্দ্রে যেন না যায় সেজন্য সাধারণ ভোটারদেরকেও নিষেধ করছে। আমি এ বিষয়ে জেলা রির্টানিং অফিসার ও কুষ্টিয়া জেলা প্রশাসকসহ প্রশাসনের সকল দফতরসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিবকেও অবগতি করেছি।

অপরদিকে ভোটারদের মধ্যে নির্বাচন নিয়ে আগ্রহ অনাগ্রহ দুটোই রয়েছে। তবে সবকিছুই নির্ভর করবে ভোটের দিনের পরিবেশের ওপর। পরিবেশ ভালো থাকলে মানুষ ভোট দিতে যাবে।

বারুইপাড়া ইউনিয়নের নতুন ভোটার আলামিন বলেন ভোট দেবেন প্রার্থীর ব্যক্তিগত ইমেজ, সততা, আমি এবার প্রথম ভোট দেবো। অবশ্যই যোগ্যতা দেখে ভোট দেবো। তবে সুষ্ঠু পরিবেশ থাকলে ভোটকেন্দ্রে যাবো।

উপজেলার তালবাড়িয়া ইউনিয়নের বাসিন্দা মনিরুল ইসলাম বলেন, ভোটারদের মধ্যে নির্বাচন নিয়ে আগ্রহ অনাগ্রহ দুটোই রয়েছে। তবে সবকিছুই নির্ভর করবে ভোটের দিনের পরিবেশের ওপর। পরিবেশ ভালো থাকলে মানুষ ভোট দিতে যাবে।

মালিহাদ ইউনিয়নের আব্দুর রহমান বলেন, আমরা সাধারণ মানুষ চিন্তায় আছি, কেন্দ্রে গিয়ে নিজের পছন্দের প্রার্থীকে ভোট দিতে পারব কিনা জানিনা।

বিগত ৫ বছরের ধারাবাহিক উন্নয়নের বর্ণনা তুলে ধরে দোয়াত কলমের প্রতীকের প্রার্থী উপজেলা আওয়ামীলীগের সভাপতি এ্যাড. আব্দুল হালিম জানান, আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর থেকে ধারাবাহিক উন্নয়নে পাল্টে গেছে এ উপজেলার দৃশ্যপট। মাহবুব উল আলম হানিফের দিকনির্দেশনা ও সহযোগিতায় উপজেলায় শান্তি সম্প্রীতি প্রতিষ্ঠার পাশাপাশি নানা অবকাঠামো উন্নয়ন করেছেন। অসংখ্য মসজিদ, মন্দির ও বিহার নির্মাণ, বিভিন্ন পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ভবন

নির্মাণ, রাস্তা-ঘাট ও ব্রিজ-কালভার্টসহ অগণিত উন্নয়ন দৃশ্যমান। এছাড়া কৃষিখাতে ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে।

তিনি আরও জানান, উন্নয়নের এ ধারাবাহিকতা অব্যাহত রাখতে মিরপুরবাসী তাকে ভোট দিয়ে নির্বাচিত করবেন। সর্বোপরি জনগণের সার্বিক উন্নয়ন এবং ব্যক্তি পর্যায়ের বিকাশে সব পক্ষকে নিয়ে দলমত নির্বিশেষে কাজ করা হবে। এছাড়া স্বচ্ছ ও জবাবদিহিমূলক সমৃদ্ধ মিরপুর গড়ে তোলার কথা জানান এ চেয়ারম্যান প্রার্থী।

উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং কর্মকর্তা বিবি করিমুন্নেছা জানান, অবাধ সুষ্ঠু নিরপেক্ষ ভোট গ্রহণের জন্য সব ধরনের কঠোর ব্যবস্থা থাকবে। কোথাও কোন প্রকার আচরণ বিধিলঙ্ঘন হলে তাৎক্ষনিক ব্যবস্থা নেয়া হচ্ছে।

মিরপুর উপজেলা নির্বাচনে ভাইস-চেয়ারম্যান পদপ্রার্থী আবুল কাশেম গণসংযোগ

কুষ্টিয়ার মিরপুর উপজেলা নির্বাচনে উপজেলার সর্বত্র মাঠ চষে বেড়াচ্ছেন ভাইস-চেয়ারম্যান পদপ্রার্থী মিরপুর উপজেলা পরিষদের বর্তমান ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার।

আজ শনিবার দিনব্যাপী মিরপুর উপজেলার মালিহাদ ও আমবাড়ীয়া ইউনিয়নের বিভিন্ন এলাকায় গণসংযোগ করেন এবং তালা মার্কা প্রতীকে ভোট প্রার্থনা করেন তিনি।

এ সময় তিনি শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষে উন্নয়নের ধারা অব্যহত রাখতে সকলের নিকট আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদে ভোট প্রার্থনা করে আবুল কাশেম জোয়ার্দ্দার বলেন,আমি কথায় না কাজে বিশ্বাসী, আমি আপনাদের শাসক নয় সেবক হয়ে থাকতে চাই।

একই সাথে জননেত্রী শেখ হাসিনা সরকারের উন্নয়নের ধারাবাহিকতা এবং